



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৩৬৬/গাজী/ ২৩৭১ (৭)

তারিখ: ০৬/১২/২০২২

বিষয় : আশরাফ টেক্সটাইল মিলস হাই স্কুল, টঙ্গী, গাজীপুর এর সাময়িক বরখাস্তকৃত ০৫ (পাঁচ) জন শিক্ষককে স্ব-পদে পুনঃবহালকরণ প্রসঙ্গে।

সূত্র : (০১) বরখাস্তকৃত শিক্ষকদের ০১/১১/২০২২ তারিখের আবেদন।

(০২) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং-ঢাশিবো/বি/৩৬৬/গাজী/৩০৬৭, তারিখ-২৮/১০/২০২০ ইং তারিখের তদন্তের আদেশ।

(০৩) উপ-বিদ্যালয় পরিদর্শক জনাব আব্দুর রহমান সিকদার এর ৩০/০৫/২০২১ তারিখে দাখিলকৃত প্রতিবেদন।

(০৪) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং-ঢাশিবো/বি/৩৬৬/গাজী/৬১৩, তারিখ-২২/০৬/২০২২ ইং এর প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১ নং ক্রমিকে উল্লিখিত গাজীপুর জেলার টঙ্গী থানাধীন “আশরাফ টেক্সটাইল মিলস হাই স্কুল”-এর সাময়িক বরখাস্তকৃত ০৫ (পাঁচ) জন শিক্ষকের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ০২ নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে তাদের সাময়িক বরখাস্ত করণ সম্পর্কিত বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত হন। সূত্রোক্ত ২ নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে আদিষ্ট হয়ে তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৩ নং ক্রমিকে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে বিদ্যালয়ের ০৫(পাঁচ) জন সহকারী শিক্ষকের বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত ৪ নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বরাবর পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি পর্যন্ত এ সংক্রান্ত বিষয়ে বিদ্যালয় কর্তৃপক্ষ মতামত প্রদান করা হতে বিরত থাকেন, যা বোর্ডের বা উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ অবমাননার শামিল।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে উক্ত ০৫ (পাঁচ) জন সহকারী শিক্ষকের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : সভাপরি, ম্যানেজিং কমিটি
আশরাফ টেক্সটাইল মিলস হাই স্কুল
পোস্ট- মনু নগর, থানা- টংগী
জেলা- গাজীপুর।

স্বাক্ষরিত/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ২৩৭১ (৭)

তারিখ: ০৬/১২/২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর।
- ৫। প্রধান শিক্ষক, আশরাফ টেক্সটাইল মিলস হাই স্কুল, পোস্ট- মনু নগর, টংগী, গাজীপুর।
- ৬। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।


২০/১২/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।



২৬/১২/২০২২